# ব্রিকসে যোগদান নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি: প্রধানমন্ত্রীর উপদেষ্টা



প্রধানমন্ত্রীর উপদেষ্টা, ডা. জাহেদ উর রহমান। ছবি: সংগৃহীত

ব্রিকসে (ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকার জোট) বাংলাদেশের যোগদানের বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান।

মঙ্গলবার (৪ আগস্ট) এক ব্রিফিংয়ে তিনি বলেন, বিভিন্ন দেশ ও অংশীজনকে নিয়ে গঠিত বহুপক্ষীয় আন্তর্জাতিক প্ল্যাটফর্মগুলোর সঙ্গে সম্পর্ক জোরদার করা বাংলাদেশের পররাষ্ট্রনীতির একটি ধারাবাহিক অংশ। বর্তমান সরকারও সেই নীতি অনুসরণ করছে।

তিনি জানান, তবে কোনো জোট বা আন্তর্জাতিক কাঠামোয় আনুষ্ঠানিকভাবে যুক্ত হওয়ার আগে অর্থনৈতিক, রাজনৈতিক ও কৌশলগত বিষয়গুলো গভীরভাবে মূল্যায়ন করা প্রয়োজন। এসব দিক বিবেচনায় নিয়ে যথাসময়ে সরকার সিদ্ধান্ত নেবে।

ডা. জাহেদ উর রহমান আরও বলেন, বিষয়টি এখনও পর্যালোচনার পর্যায়ে রয়েছে এবং এ বিষয়ে সরকারের পক্ষ থেকে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি।

LENS ASIA